

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন  
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION  
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৫৫/২০১৭

তারিখঃ ২৮/০৯/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং-০৮.০১.০০০০.০৯১.০১.০০১.১৬ (অংশ-১৪)/১২০১-৩৭, তারিখঃ ২৪/০৯/২০১৭ খ্রিঃ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ মুছা)  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা।

[ASYCUDA World শাখা]

নং-০৮.০১.০০০০.০৯১.০১.০০১.১৬ (অংশ-১৪)/১২০১-৩৭

তারিখঃ ২৪/০৯/২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : বিল অব এন্ট্রি এবং বিল অব এক্সপোর্ট-এর “Identification of Warehouse” শীর্ষক ৪৯ নং বক্সে আবশ্যিকভাবে **Bond License / Registration** নম্বর ধারণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। Bond License / Registration- এর আওতায় আমদানি/রপ্তানিকৃত পণ্যের শুদ্ধায়ন কার্যক্রম দ্রুত ও সঠিকভাবে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ১৭/১০/২০১৭ খ্রিস্টাব্দ তারিখ হতে বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্ট-এর ৪৯ নং বক্সে Bond License/ Registration নম্বর আবশ্যিকভাবে ধারণপূর্বক যথাক্রমে বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্ট দাখিল করার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩। এ লক্ষ্যে, প্রত্যেকটি Bond License/ Registration-ধারী প্রতিষ্ঠানের (নতুন বা পুরাতন নির্বিশেষে সকল প্রতিষ্ঠান) বিপরীতে নিম্নরূপে ১১ ডিজিটের একটি unique Bond License নম্বর বা Bond Registration নম্বর প্রদান করে স্ব স্ব অধিক্ষেত্রাধীন সকল Bond License বা Bond Registration-ধারী প্রতিষ্ঠানের তালিকার একটি সফটকপি নিম্নবর্ণিত ছক মোতাবেক [mahbub.hasan@gmail.com](mailto:mahbub.hasan@gmail.com) ঠিকানায় এবং স্বাক্ষরিত কপি আগামী ১০/১০/২০১৭ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে এ দপ্তরে পাঠানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

“ছক” (Must be filled up in English and in MS Excel Format)

Sl.	Name of the Organization	Address of the Organization	Updated BIN of the Organization	Proposed 11 Digit Bond License/ Registration No.	Current 11 Digit Bond License/ Registration No.
(1)	(2)	(3)	(4)	(5)	(6)

বর্ণিত ক্ষেত্রে প্রস্তাবিত ১১ ডিজিট বিশিষ্ট Bond License/ Registration নম্বর প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

- প্রথম ২ (দুই) ডিজিট প্রতিষ্ঠানের ধরণ অনুযায়ী নিম্নরূপ হবে, যথাঃ
  - GB: Garments Bond;
  - DB: Deemed Export Bond;
  - EB: EPZ Bond;
  - HB: Home Consumption Bond;
  - SB: Supervised Bond ;
  - DP: Diplomatic Bond এবং
  - SS: Ship’s Stores Bond;
  - CB: Commissariat Bond
  - OB: Other types of Bond
- উদাহরণস্বরূপ, প্রতিষ্ঠানটি যদি EPZ ভুক্ত Bonded প্রতিষ্ঠান হয়, সেক্ষেত্রে ১১ ডিজিটের প্রথম ২ (দুই) ডিজিট হবে EB;
- II.. এর পরবর্তী ৩ (তিন) ডিজিট হবে ASYCUDA World অনুযায়ী সংশ্লিষ্ট কাস্টমস দপ্তরের অফিস কোড, যথাঃ বিবেচ্য প্রতিষ্ঠানটি যদি কাস্টম বন্ড কমিশনারেট, ঢাকা-এর অধিক্ষেত্রাধীন হয়, সে ক্ষেত্রে পরবর্তী ৩ (তিন) ডিজিট হবে ৪০১;
- III. এর পরবর্তী ২ (দুই) ডিজিট হবে যে সনে বন্ড লাইসেন্সটি ইস্যু করা হয়েছে, সে খ্রিস্টাব্দ সনের শেষ ২(দুই)টি সংখ্যা, যথাঃ বিবেচ্য প্রতিষ্ঠানটির বন্ড লাইসেন্স যদি ১৯৯৭ সনে ইস্যু করা হয়ে থাকে, সেক্ষেত্রে পরবর্তী ২ (দুই) ডিজিট হবে ৯৭; এবং

(পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য)

(পূর্বের পৃষ্ঠা হতে চলমান)

IV. শেষ ৪ (চার) ডিজিট হবে, যে সনে বন্ড লাইসেন্সটি ইস্যু করা হয়ে, সে ইংরেজী সনে ইস্যুকৃত লাইসেন্সের ক্রম সংখ্যা, যথাঃ বিবেচ্য প্রতিষ্ঠানটির বন্ড লাইসেন্সটি 1997 সনে ইস্যুকৃত ৫৬তম লাইসেন্স হলে, শেষ ৪ (চার) ডিজিট হবে 0056।

**ব্যাখ্যাঃ**

- ধরা যাক, কোন প্রতিষ্ঠানের অনুকূলে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা কর্তৃক 1997 সনে ইস্যুকৃত বন্ড লাইসেন্সটি উক্ত সনে উক্ত দপ্তর কর্তৃক ইস্যুকৃত ৫৬তম বন্ড লাইসেন্স বা বন্ড রেজিস্ট্রেশন এবং প্রতিষ্ঠানটির ধরণ Supervised Bond; সেক্ষেত্রে প্রতিষ্ঠানটির ১১ ডিজিট বিশিষ্ট Bond License নম্বর হবে **SB801970056**;
- আবার ধরা যাক, কোন প্রতিষ্ঠানের অনুকূলে মোংলা কাস্টম হাউস কর্তৃক 2012 সনে ইস্যুকৃত বন্ড লাইসেন্সটি উক্ত সনে উক্ত দপ্তর কর্তৃক ইস্যুকৃত ২য় বন্ড লাইসেন্স বা বন্ড রেজিস্ট্রেশন এবং প্রতিষ্ঠানটির ধরণ EPZ Bond; সেক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানটির ১১ ডিজিট বিশিষ্ট Bond License নম্বর হবে **EB501120002**।

০৩। বিষয়টি অতীব জরুরি বিবেচনায় সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পাঠানো হলো।

স্বাঃ/-

মোহাম্মদ মাহবুব হাসান

দ্বিতীয় সচিব (ASYCUDA World)

তারিখ : ২৪/০৯/২০১৭